

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা


"নৈতিকতা কমিটি'র" সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সোহরাব হোসাইন সচিব
সভার তারিখ	১৪ জানুয়ারি, ২০১৯
সভার সময়	বিকাল ৩.১৫ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বাস্তবায়ন করছে। অতঃপর সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভাটি সঞ্চালনা করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। ইতোমধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৮) এর অগ্রগতি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করার জন্য এই সভা আহ্বান করা হয়েছে। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	প্রশাসন অনুবিভাগ
২.২	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন।	কর্মপরিকল্পনাটি যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসন অনুবিভাগ

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সোহরাব হোসাইন
সচিব


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৮.০৮০.১৭.১৮১

তারিখ: ৩ মাঘ ১৪২৫

১৬ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সংস্থাসমূহ
- ৩) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয়-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



জাকিয়া পারভীন
উপসচিব